

12689 - পবিত্র হওয়ার পর যে নারী থেকে রোযা অবস্থায় হলুদ তরল নির্গত হয়েছে

প্রশ্ন

জনৈক নারী রমযান মাসে ফজরের পূর্বে পবিত্র হয়ে রোযা রেখেছেন। এরপর যোহরের নামাযের জন্য দাঁড়ালে হলুদ তরল দেখতে পান। তার রোযা কি সহিহ?

প্রিয় উত্তর

যদি ফজরের পূর্বে তার পবিত্রতা হাছিল হয়, এরপর তিনি রোযা রাখেন; তাহলে তার রোযা সহিহ। পবিত্রতার পর তিনি যে হলুদ তরল দেখলেন এটি তার পবিত্রতার উপর কোন প্রভাব ফেলবে না। যেহেতু উম্মে আতিয়া (রাঃ)-এর হাদিসে এসেছে: “আমরা পবিত্রতার পর বাদামী ও হলুদ স্রাব-কে কোন কিছু বিবেচনা করতাম না” [সহিহ বুখারী (১/৮৪), সুনানে আবু দাউদ (৩০৭) এবং ভাষ্যটি তার]

আল্লাহই তাওফিকের মালিক, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবারবর্গ ও তাঁর সাহাবীবর্গের প্রতি আল্লাহর রহমত ও শান্তি বর্ষিত হোক।